হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 8 AUGUST 2025 , FRIDAY | ৮ আগস্ট ২০২৫ , শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-357

দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

**কবিতা / গল্প**
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## মশক বাহিত রোগ প্রতিরোধে বিভিন্ন জমা জলের জলাশয়ে ছাড়া হলো গাপ্পি মাছের পোনা



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৭ আগস্ট : আলিপুরদুয়ার জেলা প্রশাসনের উদ্যোগে মশক বাহিত রোগ প্রতিরোধে কালচিনি ও কুমারগ্রাম ব্লকের বিভিন্ন এলাকার জমা জলের জলাশয়গুলিতে ছাড়া হলো গাপ্পি মাছের পোনা। প্রশাসন সূত্রে জানা গেছে এই সময় বর্ষার জল বিভিন্ন জলাশয়ে জমে থাকে। এই জমা জলে মশা ডিম পাড়ে ও মশার লার্ভা সৃষ্টি হয়। এই লার্ভা থেকে জন্ম হয় মশার। এই মশা থেকে ছড়ায় ম্যালেরিয়া ও ডেঙ্গুর মতো প্রাণঘাতী রোগ। গাপ্পি মাছ এই মশার লার্ভা খেয়ে মশার বংশবৃদ্ধি রোধ করে। একারনেই প্রশাসনের উদ্যোগে গাপ্পি মাছ ছাড়া হলো জমা জলের জলাশয় গুলিতে

## বন্যা মোকাবিলার সব রকম প্রস্তুতি আলিপুরদুয়ার পৌরসভার



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার,৭ আগস্ট : আলিপুরদুয়ার পৌরসভার বাসিন্দাদের সাহায্যার্থে সব রকম প্রস্তুতি নিয়ে রেখেছে বন্যা মোকাবিলার জন্য আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর এমনটাই জানিয়েছেন তিনি বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ আলিপুরদুয়ার জেলা শহরে। গত কয়েকদিন ধরে বৃষ্টি শুরু হয়েছে যদিও এবার বর্ষা অনেক দেরিতে নেমেছে। পুরসভার বিভিন্ন ওয়ার্ড জলমগ্ন হলে ফ্লাড সেন্টার থেকে শুরু করে জল নিকাশি ব্যবস্থা সহ জলমগ্ন এলাকার বাসিন্দাদের শুকনো খাবারের ব্যবস্থা করে রাখা হয়েছে। পর্যাপ্ত পরিমাণে জলের বাম রাখা হয়েছে। তাছাড়া পলিথিন সহ কাপড় রয়েছে তাদের কাছে। তবে গত কয়েক বছরের তুলনায় এবার আলিপুরদুয়ার পৌরসভা আগাম প্রস্তুতি নিয়ে রেখেছে। পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর জানিয়েছেন জনগণের সুবিধার্থে সব রকম ব্যবস্থা করা আছে বন্যা মোকাবিলার জন্য।

## বিশ্ব আদিবাসী দিবসের আলিপুরদুয়ার জেলার অনুষ্ঠানের ভার্চুয়ালি উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৭ আগস্ট :চলতি মাসের সাত তারিখ থেকে দশ তারিখ পর্যন্ত রাজ্যের চারটি স্থানে পশ্চিমবঙ্গ সরকারের আদিবাসী কল্যান দপ্তরের উদ্যোগে আয়োজিত হবে বিশ্ব আদিবাসী দিবস। এই উপলক্ষ্যে আদিবাসী সম্প্রদায়ের খাদ্য, সাংস্কৃতিক ঐতিহ্য সহ বিভিন্ন বিষয় তুলে ধরা হবে। আদিবাসী কৃষ্টি সংস্কৃতি কে তুলে ধরে পরম্পরাগত ঐতিহ্যকে রক্ষা করাই এই উৎসবের লক্ষ্য। বৃহস্পতিবার ঝাড়গ্রামে বিশ্ব আদিবাসী উৎসবের উদ্বোধন করেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন তিনি আরও বাকি তিনটি স্থানের অনুষ্ঠান এরো ভার্চুয়াল উদ্বোধন করেন। বিশ্ব আদিবাসী দিবসের আলিপুরদুয়ার জেলার অনুষ্ঠান আয়োজিত হবে কালচিনিতে। নয় তারিখ জেলা স্তরের অনুষ্ঠান আয়োজিত হবে আলিপুরদুয়ার রবীন্দ্র ভবনে। এই অনুষ্ঠানের ও ভারচুয়াল উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী। কালচিনিতে মঞ্চে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর জেলাশাসক আর বিমলা, আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব সিহ অন্যান্য আধিকারিকগন। মুখ্যমন্ত্রীর ভারচুয়াল উদ্বোধন এর পর সভাধিপতি ও জেলাশাসক প্রদীপ জ্বালিয়ে মঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। জেলাশাসক জানান বিশ্ব আদিবাসী দিবস উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে চলবে আগস্ট মাসের দশ তারিখ পর্যন্ত।

## উদ্ধার গুলি সহ আগ্নেয়াস্ত্র, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার,৭ আগস্ট : কোচবিহার জেলা পুলিশের বক্সিরহাট থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে থানা এলাকার টিনালি মোড় রাইস মিল লাগোয়া এলাকা থেকে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র সহ এক রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে পুলিশ ধৃতকে আদালতে পাঠিয়েছে। ঘটনার তদন্তে পুলিশ।

# মৃত পুত্রবধূ, গ্রেফতার শাশুড়ি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ আগস্ট : শামুকতলা থানার দক্ষিণ শিবকাটা এলাকা থেকে গ্রেপ্তার নিশা রানী দাস কে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠালে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন। গত ৩০ শে জুলাই রাতে তার পুত্রবধূ পিয়ালী দাসের মৃত্যুর পরেই পিয়ালীর বাবা পুলিশের কাছে অভিযোগ দায়ের করে তার মেয়েকে বিষ খাইয়ে মেরে ফেলা হয়েছে। সেই অভিযোগের পরিপ্রেক্ষিতেই পিয়ালীর স্বামী উজ্জ্বল দাস কে আগেই গ্রেফতার করে আদালতে পাঠিয়েছিল পুলিশ। বৃহস্পতিবার নিশা দাস কে আলিপুরদুয়ার আদালতে পাঠালে বিচারক তাকে জেল হেফাজতের নির্দেশ দেন।

# পুত্র শোকের জ্বালা না মিটতেই দোকানে চুরি



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৭ আগস্ট : মর্মান্তিক চুরির ঘটনা ঘটেছে শামুকতলা থানার কদমতলা এলাকায়। চুরির ঘটনা ঘটেছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের কদমতলা এলাকায়। চুরির তদন্ত করতে ঘটনাস্থলে পৌঁছেছেন শামুকতলা থানার পুলিশ বৃহস্পতিবার বিকেল তিনটা নাগাদ। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে রুহিদাস দেবনাথ এর দোকান কয়েকদিন যাবত বন্ধ আছে হঠাৎই তার ছোট ছেলের মৃত্যু হয়েছে ।এদিকে ছেলের মৃত্যুর ঘটনা কোনভাবে মেনে নিতে পারছেন না পরিবারের সদস্য থেকে শুরু করে পাড়া প্রতিবেশীরা। বুধবার গভীর রাতে দুষ্কৃতীরা তার দোকানের তালা ভেঙ্গে দোকানের ভিতর থেকে তেলের টিন ময়দা সহ বিভিন্ন আসবাবপত্র নিয়ে যায় । এবং ময়দা আটার বস্তায় জল ঢেলে রেখে যায়। বেলা বারোটা নাগাদ বিষয়টি এলাকা বাসীর নজরে আসার পরেই পুলিশকে জানানো হয় পুলিশ ঘটনাস্থলে আসে তদন্ত করতে।

# যশোডাঙ্গা বাস স্ট্যান্ড এলাকায় হাঁটু জল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ আগস্ট : আন্দোলনের সাত দিন পরেও হেলদোল নেই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের । আগামী সোমবার ফের পথ অবরোধ করবেন যশোডাঙ্গা বাস স্ট্যান্ড এলাকায় রাস্তা সংস্কার করার দাবিতে। গত ৩০ শে জুলাই বিজেপির পক্ষ থেকে রাস্তা অবরোধ হয়েছিল যশোডাঙ্গা বাস স্ট্যান্ড এলাকায় রাস্তা সংস্কার করার দাবিতে। ইতিমধ্যেই কেটে গেছে সাতদিন কিন্তু সংস্কার হয়নি রাস্তার। এদিকে আজ বৃহস্পতিবার সকাল থেকেই মুষলধারে বৃষ্টির দরুন রাস্তায় জল জমে গেছে এক হাঁটু। স্কুল ছাত্র-ছাত্রী থেকে শুরু করে সরকারি কর্মচারী সহ হাসপাতালে আসা রোগীদের অসুবিধার সমূহীন হতে হচ্ছে বাসস্ট্যান্ড এলাকায় এসে। আগামী সোমবার বেলা দশটা থেকে পথ অবরোধ করার কথা জানিয়েছেন টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের বিজেপি নেতা খোকন দেবনাথ।

# ধৃত সাইকেল চোর, উদ্ধার একুশটি সাইকেল




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৭ আগস্ট : বিশ্বস্ত ও গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে বুধবার রাতে বাগডোগরা থানার পুলিশ অভিযান চালিয়ে কমলপুর টি এস্টেট থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃতের বিরুদ্ধে সাইকেল চুরি করার অভি্যোগ ছিলো। ধৃতের নাম রবি লোহার (১৯),বাড়ি কমলপুর টি এস্টেটের নিশ লাইনে। জানা গেছে ধৃত ব্যক্তি পুলিশের জিজ্ঞাসাবাদে স্বীকার করেছে যে সে দীর্ঘদিন ধরে বেংডুবি সেনা ছাঊনি ও লাগোয়া এলাকা থেকেসাইকেল চুরি করতো। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত ব্যক্তির কথা অনুসারে একুশটি সাইকেল উদ্ধার করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তাকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশের অনুমান এই ব্যক্তির সাথে আরও লোকজন জড়িত আছে, পুলিশ তাদের সন্ধানে তদন্ত শুরু করেছে।

# প্রতিবন্ধী বৃদ্ধের জন্য দ্রুত তৈরি হবে ঢালু রাস্তা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ৭ আগস্ট : নজির করল কুমারগ্রাম ব্লক প্রশাসন। রাজ্য সরকারের 'আমার পাড়া, আমার সমাধান' প্রকল্পে এক অনন্য মানবিক উদাহরণ গড়ে উঠল আলিপুরদুয়ারে। কুমারগ্রাম ব্লকের এক প্রতিবন্ধী আদিবাসী বৃদ্ধের বাড়ির জন্য ঢালু রাস্তা (র‍্যাম্প) তৈরির দাবি জানালেন স্থানীয় বাসিন্দারা। তাঁদের সম্মিলিত আবেদনকে গুরুত্ব দিয়ে প্রশাসন দ্রুত সেই রাস্তা নির্মাণের নির্দেশ দিয়েছে।সারা রাজ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে চলছে জনকল্যাণমুখী শিবির 'আমাদের পাড়া, আমাদের সমাধান'। আলিপুরদুয়ার জেলায় এই কর্মসূচি শুরু হয়েছে ২ আগস্ট থেকে, ব্যাপক উৎসাহ ও অংশগ্রহণের মধ্য দিয়ে।এই প্রকল্পের আওতায় বুধবার পূর্ব শালবাড়ি স্পেশাল ক্যাডার প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় বুথ নম্বর ১০৭-এর শিবির। সেখানে উপস্থিত হন গান্ধিরা বেক নামের এক প্রবীণ আদিবাসী। চলাফেরার ক্ষমতা হারিয়ে ফেলার কারণে তিনি গত ২৫ জুন এক সরকারি ক্যাম্প থেকে একটি হুইলচেয়ার পান। কিন্তু মূল রাস্তা থেকে তাঁর বাড়ি পর্যন্ত যাওয়ার পথটি এতটাই এবড়োখেবড়ো যে, হুইলচেয়ার ব্যবহার করে চলাফেরা করা তাঁর পক্ষে সম্ভব ছিল না। শিবির চলাকালীন তিনি নিজের সমস্যার কথা জানিয়ে একটি আবেদনপত্র জমা দেন। আবেদন করামাত্রই সেখানে উপস্থিত বাসিন্দারা তা সর্বসম্মতভাবে সমর্থন করেন। বুথ কর্তৃপক্ষ ওই আবেদনটিকে অগ্রাধিকার দিয়ে তালিকার শীর্ষে রাখে।১০৭ নম্বর বুথে আরও অনেক ছোটখাটো সমস্যা উত্থাপিত হলেও, সকলেই একবাক্যে জানান যে এই বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তির সমস্যা আগে সমাধান হওয়া উচিত। প্রবীণ ব্যক্তির অসহায় আবেদন এবং স্থানীয় মানুষের সম্মিলিত উদ্যোগ দেখে আবেগপ্রবণ হয়ে পড়েন প্রশাসনের আধিকারিকরাও।তাঁর প্রতিবেশী সুনিতা এক্কা বলেন, "আমাদের এলাকায় অনেক সমস্যা আছে। কিন্তু ওঁর সমস্যাটাকেই আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে করেছি। সকলে মিলে ওঁর পাশে দাঁড়িয়েছি।"ঘটনার পরিপ্রেক্ষিতে জেলাশাসক আর. বিমলা বলেন, "আমরা ১০৭ নম্বর বুথের সকল বাসিন্দাকে আন্তরিক অভিনন্দন জানাই। এমন ঘটনা সচরাচর চোখে পড়ে না। ওই বৃদ্ধ মাত্র ২০ মিটার রাস্তা চেয়েছেন। এই আবেদনে আমরা সাড়া দিচ্ছি। গোটা সমাজ কতটা দায়িত্ববান হলে এমন দৃষ্টান্ত স্থাপন হয়, এটাই তার উজ্জ্বল প্রমাণ। আমরা সিদ্ধান্ত নিয়েছি, দ্রুততার সাথে আনুমানিক ৬০ হাজার টাকা ব্যয়ে ২০ মিটার কংক্রিটের রাস্তা নির্মাণ করে দেওয়া হবে।"

# পাড়ায় সমাধান শিবিরে উপচে পড়ছে ভিড়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার,৭ আগস্ট : পাড়ায় সমাধান শিবির শুরু হয়েছে আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিবেকানন্দ এক নম্বর গ্রাম পঞ্চায়েতে এমনটাই জানা গেছে কর্মকর্তাদের কাছ থেকে বৃহস্পতিবার বিকেল তিনটে নাগাদ। পাড়ায় সমাধান শিবিরে উপস্থিত দায়িত্বপ্রাপ্ত কর্মীদের কাছ থেকে জানা গেছে তাদের এই শিবির আজ নির্বিঘ্নে শেষ হয়েছে। পাড়ায় সমাধান প্রকল্পে স্কুলের সমস্যা থেকে শুরু করে জল নিকাশি ব্যবস্থা সমস্ত কিছু কাজের পরিকল্পনা নেওয়া হয়েছে। এদিন প্রশাসনিক কর্তারা উপস্থিত ছিলেন এই পাড়ায় সমাধান শিবিরে।

# গ্রাম পঞ্চায়েত প্রধানকে গণ দাবী পত্র পেশ সিপিআইএমের




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ আগস্ট : ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েত প্রধানকে গণ দাবী পত্র পেশ করা হলো সিপিআইএমের পক্ষ থেকে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ভাটিবাড়ী এলাকায় একটি মিছিল করে সিপিআইএম নেতৃত্বরা গ্রাম পঞ্চায়েত দফতরে গিয়ে পৌঁছান। ১০০ দিনের কাজ চালু থেকে শুরু করে আবাস যোজনা বার্ধক্য ভাতা এলাকার রাস্তা সংস্কার সহ বিভিন্ন দাবি ছিল তাদের এই দাবি পত্রে। গ্রাম পঞ্চায়েত প্রধান তাদের দাবি গুলো উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেবেন বলে জানা গেছে।

EIYUG
NEWSPAPER PUBLISHING HOUSE

GRAPHIC DESIGN WORK
* NEWSPAPER
* MAGAZINE
* ALL PAGE
* BOOK
* VISITING CARD
* INVITE CARD
* CARD
* FLEX
* POSTER
* CARTOON
* LOGO

PUBLISHING WORK
NEWSPAPER ✻ MAGAZINE ✻ BOOK

For Work
CONTACT NO: 9836753622
Email: eiyugnewspaperpublishinghouse@gmail.com

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |